

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১৯, ২০১৬

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

প্রধান কার্যালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ৭ সেপ্টেম্বর ২০১৬

নং পিডিবিএফ/এইচআরএম/২৭২/২০০৭—পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন আইন, ১৯৯৯
(১৯৯৯ সালের ২৩ নং আইন) এর ধারা ১১ এর (৬) উপধারা বাস্তবায়নের নিমিত্তে পিডিবিএফ এর
ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের বিধানকল্পে বোর্ড অব গভর্নর্স এর ০১-০৮-২০১৩ ইং তারিখের
৬০তম এবং ১২-০৫-২০১৩ ইং তারিখের ৬১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নরূপ প্রবিধানমালা
প্রণয়ন করা হইল :

১। এই প্রবিধানমালা পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
যাহা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ প্রবিধানমালা হিসাবে
অভিহিত হইবে।

২। পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক বোর্ড অব গভর্নর্স কর্তৃক নির্ধারিত শর্তাধীনে এবং
এই প্রবিধানমালায় বর্ণিত যথাযথ নিয়োগ প্রক্রিয়া অনুসরণপূর্বক নিয়োগ প্রদান করা হইবে।

৩। ব্যবস্থাপনা পরিচালক পিডিবিএফ এ একজন নিয়মিত ও স্থায়ী কর্মকর্তা হিসাবে পরিগণিত
হইবেন এবং তিনি পিডিবিএফ কর্মচারী প্রবিধানমালা -৩/২০১১ এ বর্ণিত তফসিলে ১নং কর্মকর্তা
হিসাবে বিবেচিত হইবেন।

৪। বোর্ডের অন্যুন তিন এবং অনুর্ধ্ব পাঁচ জন সদস্য যাহাদের অস্ততঃ একজন প্রাইভেট সেক্টর
এবং খেলাপী ঝঁঁঁঁঁস্ত নহেন এইরূপ একজন সুবিধাভোগী সদস্য সমষ্টিয়ে গঠিত একটি বাছাই কমিটি
কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক বাছাই করা হইবে।

(১৪৬৯৫)

মূল্য : টাকা ৮.০০

৫। উক্ত কমিটি ২টি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে প্রার্থী যাচাই বাছাইপূর্বক ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের জন্য বোর্ড অব গভর্নর্স এর সভায় সুপারিশ করিবেন।

৬। ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের যোগ্যতা হিসাবে প্রার্থীকে পল্লী উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতাসহ দরিদ্র্য ও অসুবিধাগ্রস্ত ব্যক্তিদের জীবন ও আর্থ সামাজিক অবস্থা সম্পর্কে জ্ঞান থাকিতে হইবে।

৭। ফাউন্ডেশনে একজন ব্যবস্থাপনা পরিচালক থাকিবেন যিনি বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তাধীনে নিযুক্ত হইবেন। যথাঃ—

- (১) ব্যবস্থাপনা পরিচালক পিডিবিএফ এর একজন সার্বক্ষণিক কর্মকর্তা এবং ফাউন্ডেশনের প্রধান নির্বাহী হইবেন।
- (২) ব্যবস্থাপনা পরিচালক সরকারের জাতীয় বেতনক্ষেত্রে এর ১নং গ্রেডভুজ হিসেবে বিবেচিত হইবেন।
- (৩) ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব ও কর্তব্য ১৯৯৯ সালের ১০ নভেম্বর তারিখে প্রকাশিত পল্লী দরিদ্র্য বিমোচন ফাউন্ডেশন আইন দ্বারা পরিচালিত হইবে।
- (৪) ব্যবস্থাপনা পরিচালক পিডিবিএফ প্রবিধানমালা অনুসরণে ভবিষ্য তহবিল, আনুতোষিক এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।
- (৫) ব্যবস্থাপনা পরিচালকের নির্ধারিত বেতনের ১০% সিপিএফ হিসেবে কর্তন করা হইবে।
- (৬) ব্যবস্থাপনা পরিচালক উল্লিখিত নির্ধারিত বেতনের ৫০% বাড়িভাড়া এবং সরকারি নিয়মে চিকিৎসা ও শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হইবেন।
- (৭) পিডিবিএফ কর্তৃক প্রদত্ত অন্যান্য সকল সুযোগ সুবিধা ব্যবস্থাপনা পরিচালকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
- (৮) ব্যবস্থাপনা পরিচালক সার্বক্ষণিক অফিস কর্তৃক গাড়ি ব্যবহার করিতে পারিবেন।
- (৯) ব্যবস্থাপনা পরিচালক প্রতিবছর দুইটি ‘নির্ধারিত বেতনের সমপরিমাণ অর্থ’ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হইবেন। মুসলমান ধর্মাবলম্বীদের ক্ষেত্রে প্রতি উৎসবের পূর্বে একটি করে মোট দুইটি এবং অন্যান্য ধর্মাবলম্বীদের ক্ষেত্রে প্রধান ধর্মীয় উৎসবের পূর্বে দুইটি ‘নির্ধারিত বেতনের সমপরিমাণ অর্থ’ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হইবেন।
- (১০) পিডিবিএফ এর স্থায়ী কর্মকর্তা হিসাবে ব্যবস্থাপনা পরিচালক এর চাকুরীর ধারাবাহিকতা অক্ষুণ্ণ থাকিবে এবং সে প্রেক্ষিতে তার বেতন নির্ধারণ করা হইবে।
- (১১) বোর্ড সভাপতি ব্যবস্থাপনা পরিচালকের কর্মদক্ষতা মূল্যায়ন করে বোর্ডের অনুমোদনক্রমে বাস্তুরিক বর্দ্ধিত বেতন হার নির্ধারণ ও প্রদান করিতে পারিবেন।

- (১২) ব্যবস্থাপনা পরিচালক নিজ দায়িত্বে বিধি মোতাবেক আয়কর প্রদান করিবেন।
- (১৩) ব্যবস্থাপনা পরিচালক সর্বোচ্চ ৬০ বৎসর বয়স পর্যন্ত চাকুরী করিতে পারিবেন। এই কার্যকাল বৃদ্ধি করা যাইবে না।
- (১৪) ব্যবস্থাপনা পরিচালক পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স কর্তৃক অনুমোদিত এবং সময়ের প্রয়োজনে পরিবর্তিত দায়িত্ব ও কর্তব্যের (Job Description) বাস্তবায়ন নিশ্চিত করিবেন।
- (১৫) পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স এর সভাপতির নিয়ন্ত্রণে থেকে ব্যবস্থাপনা পরিচালক দৈনন্দিন কার্যাদি সম্পাদন করিবেন এবং তিনি তার কাজের জন্য বোর্ড অব গভর্নর্স এর নিকট দায়বদ্ধ থাকিবেন।

পঞ্চী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন আইন, ১৯৯৯ (১৯৯৯ সালের ২৩ নং আইন) এর ১১ ধারা অনুযায়ী এবং পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স এর ০১-০৪-২০১৩ ইং তারিখের ৬০তম এবং ১২-০৫-২০১৩ ইং তারিখের ৬১তম সভার সিদ্ধান্তক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হইল।

মোঃ মাহবুবুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক।

মোঃ আব্দুল মানেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্দণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd